

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০০.২৬.০০১.১৫- ৪৬৬

তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৪  
০৯ মে ২০১৭

বিষয় : জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “জাতীয় স্যানিটেশন (৩য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় যানবাহন ক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান প্রসঙ্গে।

সূত্র : (ক) ডিপিএইচইর স্মারক নং- ৪৬.২০৩.০০০০.০০১.১৪.০০১.১৩-২০৬১ তারিখ : ০৬/১২/২০১৬  
(খ) অর্থ বিভাগের স্মারক নং ০৭.১১১.০১৪.০১.৪১.১০.২০১৪-১৩১ তারিখ : ২২/০৩/২০১৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত স্মারকদ্বয়ের প্রেক্ষিতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “জাতীয় স্যানিটেশন (৩য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের ডিপিপিতে অন্তর্ভুক্ত ২(দুই)টি ডাবল কেবিন পিকআপ নিম্নেবর্ণিত শর্তে ক্রয়ের প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হল :

শর্তাবলীঃ

- মোটরযান ক্রয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে পরিপালন করতে হবে;
- অনুমোদিত ডিপিপির খাতভিত্তিক ও এডিপি বরাদ্দ অনুযায়ী এ খাতের অর্থ ব্যয় করতে হবে;
- প্রস্তাবিত মোটরযান ক্রয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬ এর ২৫/০৮/২০১৩ তারিখের ৫১৫ নং পরিপত্র এবং ২৭/১০/২০১৬ তারিখের ৫৫০ নং পরিপত্রে বর্ণিত সিসি এবং মূল্য ও অন্যান্য আনুষঙ্গিক বিষয়াবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮/০১/২০০৬ তারিখের সম(পরি)-স্থায়ী কমিটি/৪৪/২০০৫(অংশ-১)-৭২১ নং পরিপত্র অনুযায়ী প্রকল্প সমাপ্তির পর বর্ণিত যানবাহনের ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- মোটরযান ক্রয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- যানবাহন ক্রয়ের পর অর্থ বিভাগকে অবহিত করতে হবে।

সংযুক্তি- অর্থ বিভাগের পত্র

প্রধান প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
ঢাকা।

অনুলিপিঃ

- উপসচিব(বাজেট শাখা-১১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

মোঃ খাইরুল ইসলাম  
উপ সচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬২